গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ত্রাণ কর্মসূচী-১ শাখা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০২৭.২০১২-০৮ তারিখ: ০২-০১-২০১৩ খ্রিঃ

**বিষয়ঃ রাজকীয় সৌদি সরকার ও অন্যান্য দেশ হতে অনুদান হিসেবে প্রাপ্ত কোরবানির গোশত বিতরণ নির্দেশিকা।**

Saudi Project for the Utilisation of Hajj Meat এর আওতায় রাজকীয় সৌদি সরকার কর্তৃক অনুদান হিসেবে প্রদত্ত কোরবানির গোশত Islamic Development Bank (IDB) এর মাধ্যমে সারা পৃথিবীতে বিতরণ করা হয়ে থাকে। প্রতিবছরই সৌদি সরকার বাংলাদেশে কোরবানির গোশত অনুদান হিসেবে প্রেরণ করে থাকে এবং ভবিষ্যতে সৌদিআরবসহ অন্যান্য দেশ হতে এ ধরনের অনুদান প্রাপ্তির সম্ভাবনা রয়েছে। তাই রাজকীয় সৌদি সরকার ও অন্যান্য দেশ হতে প্রদত্ত কোরবানির গোশত বাংলাদেশের গরিব, দুঃস্থ ও অসমর্থ জনসাধারণের মাঝে কোন প্রকার জটিলতা ব্যতীত সঠিক ব্যবস্থাপনার (খালাস ও বিতরণ) মাধ্যমে এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে বিতরণের লক্ষ্যে একটি নির্দেশিকা জারী করা আবশ্যক। বিদেশ হতে সকল প্রকার সরকারী, বেসরকারী ও স্বায়ত্বশাসিত/ আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের অনুকূলে অনুদান হিসেবে প্রেরিত কোরবানির গোশত বিতরণ করার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশিকা জারী করা হলোঃ

১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে বিদেশ থেকে অনুদান প্রাপ্ত কোরবানির গোশত বিতরণ করতে হবে।

২। বিদেশ থেকে অনুদান প্রাপ্ত কোরবানির গোশত দাতা সংস্থা কর্তৃক বাংলাদেশ সরকার ব্যতীত অন্য কোন প্রতিষ্ঠানের অনুকূলে প্রেরিত হলে উক্ত প্রতিষ্ঠান দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে সংশ্লিষ্ট কাগজাদি সংযুক্ত করে লিখিতভাবে তা অবহিত করবে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় উক্ত কোরবানির গোশত এ নির্দেশিকায় বর্ণিত নির্দেশনা প্রতিপালনপূর্বক বিতরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। তবে এক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠান কোরবানীর গোশত বন্দর হতে খালাস ও জেলা/উপজেলায় পৌছানোর পরিবহণ ও আনুষাঙ্গিক যাবতীয় ব্যয় বহন করবে।

৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় অনুদান হিসেবে প্রাপ্ত কোরবানীর গোশত বন্দর থেকে বিনাশুল্কে ছাড়/খালাসের জন্য প্রয়োজনীয় ছাড়পত্র প্রদান করবে।

৪। দাতা সংস্থা কর্তৃক সরাসরি বাংলাদেশ সরকার বরাবরে অনুদান হিসেবে প্রদত্ত কোরবানির গোশত দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বন্দর হতে খালাসক্রমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নির্দেশনা ও বিভাজন অনুযায়ী জেলা প্রশাসক বরাবর প্রেরণ করবে। এক্ষেত্রে পরিবহন ব্যয় সরকার নির্ধারিত খাত হতে বহন করা হবে।

৫। দাতা সংস্থা কর্তৃক সরকার ব্যতীত অন্য কোন সংস্থা/ প্রতিষ্ঠানের অনুকূলে প্রেরিত কোরবানি গোশতের ক্ষেত্রে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণক্রমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ সংস্থা বন্দর থেকে বিনাশুল্কে খালাসের ব্যবস্থা করবে এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পরামর্শ ও মন্ত্রণালয়ের নির্দেশনামতে বিভিন্ন জেলা ও উপজেলায় নিজস্ব ব্যয়ে পৌছে দিবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ সংস্থা কোরবানীর গোশত বিতরণে জেলা/ উপজেলা প্রশাসনকে প্রয়োজনীয় ক্ষেত্রে সহায়তা প্রদান করবে।

৬। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় জনসংখ্যা ও দরিদ্রতার ভিত্তিতে উপজেলা পর্যায়ে কোরবানির গোশত বিভাজন করবে।

৭। সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার অনুদানপ্রাপ্ত কোরবানির গোশত গ্রহণের পর নিম্নবর্ণিত ক্যাটাগরির প্রতিষ্ঠান/ জনসাধারণকে অগ্রাধিকার প্রদান করে স্থানীয় জনপ্রতিনিধির সহায়তায় সুফলভোগীদের তালিকা প্রণয়ন করবেন এবং তা এই নির্দেশিকা অনুসারে বিতরণ করবেঃ

(ক) ছিন্নমূল পরিবার/ নদীভাঙ্গন কবলিত অতিদরিদ্র পরিবার;

(খ) গরীব ও দুঃস্থ পরিবার;

(গ) এতিমখানা/ লিল্লাহ বোর্ডিং/ অনাথ আশ্রম/ শরণার্থী ক্যাম্প;

(ঘ) সরকারী/ বেসরকারী সংস্থার অর্থায়নে পরিচালিত বৃদ্ধাশ্রম/ ভবঘুরে কেন্দ্র/ শিশু সদন;

(ঙ) অসহায় ও দুঃস্থ মুক্তিযোদ্ধাদের পুনর্বাসন কেন্দ্র;

(চ) দাতব্য হাসপাতাল;

(ছ) কোরবানি প্রদানে অসমর্থ পরিবার;

(জ) দুঃস্থ ও স্বল্প আয়ের কর্মজীবী;

(ঝ) মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত অন্য কোন যোগ্য প্রতিষ্ঠান/ সংস্থা/ পরিবার;

৮। কোরবানির গোশত বিতরণের সময় নিম্নবর্ণিত শর্তাদি প্রতিপালন করতে হবেঃ

(ক) পরিবার প্রতি সর্বোচ্চ ৩ কেজি এবং ৭ নং অনুচ্ছেদে বর্ণিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে শুধুমাত্র ঐ প্রতিষ্ঠানে দুঃস্থ ও সুফলভোগীদের জন্য জন প্রতি সর্বোচ্চ অর্ধ কেজি হারে অথবা জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার বন্টনের সুবিধার্থে যেরূপ যুক্তিসঙ্গত মনে করেন সে পরিমাণে বিতরণ করা যাবে, তবে কোন পরিবার/ ব্যক্তিকে উপরে বর্ণিত পরিমাণের চেয়ে বেশী গোশত বরাদ্দ দেয়া যাবে না।

(খ) কোরবানির গোশত দ্রুত পচনশীল হওয়ায় দুর্গম উপজেলার বরাদ্দ পরিবহন সময়সাপেক্ষ হলে এসব ক্ষেত্রে প্রয়োজনে জেলা প্রশাসক তার আওতাধীন দুর্গম উপজেলার বরাদ্দ অন্য কোন সুবিধাজনক উপজেলায় পুনঃবরাদ্দ প্রদান করতে পারবেন। তবে এক্ষেত্রে জেলা প্রশাসক যুক্তিসঙ্গত বিবেচনা প্রয়োগ করবেন।

৯। জেলা প্রশাসক অনুদান প্রাপ্ত কোরবানীর গোশত প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুততার সাথে তা বিতরণের ব্যবস্থা করবেন।

১০। এই নির্দেশিকা অনুসারে কোরবানির গোশত বিতরণ সম্পন্নক্রমে জেলা প্রশাসক এ সংক্রান্ত একটি প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুদানপ্রাপ্ত সংস্থা/ প্রতিষ্ঠানকে প্রতিবেদনের অনুলিপি প্রেরণ নিশ্চিত করবেন।

১১। আপাতঃদৃষ্টিতে কোরবানির গোশতের মান নিয়ে কোন প্রকার সন্দেহ দেখা দিলে জেলা প্রশাসক সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন ও পশু সম্পদ কর্মকর্তার পরামর্শ গ্রহণ করে তা বিতরণ যোগ্য হলে বিতরণ এবং বিতরণের অযোগ্য হলে তা জরুরী ভিত্তিতে যথাযথ উপায়ে নিস্পত্তিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করবেন।

১২। এ নির্দেশিকায় বর্নিত উপায় ব্যতীত অন্য কোন ভাবে বিদেশ থেকে কোন প্রকার কোরবানির গোশত আমদানী কিংবা বিতরণ করা যাবে না।

১৩। সরকার সার্বিক পরিস্থিতি বিবেচনায় এই নির্দেশিকার যে কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন বা পরিমার্জন করতে পারবে।

১৪। এই নির্দেশিকা জারীর পরিপ্রেক্ষিতে এতদসংক্রান্ত বিষয়ে ইতোঃপূর্বে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে জারীকৃত সকল প্রকার আদেশ ও নির্দেশনা বাতিল বলে গণ্য হবে।

১৫। এই নির্দেশিকায় উল্লেখ করা হয়নি এরূপ কোন বিষয়ের ব্যাখ্যা প্রদানের ক্ষমতা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-
মেছবাহ উল আলম
সচিব

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০২৭.২০১২-০৮/১(২২) তারিখ: ০২-০১-২০১৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩ মহাখালী, ঢাকা।
৮। বিভাগীয় কমিশনার........................................................................................(সকল)।
৯। জেলা প্রশাসক.....................................................................(সকল)।
১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা.............................জেলা.......................................।
১৩। Country Representative Islamic Development Bank, সেতু ভবন, বনানী, ঢাকা।
১৪। ম্যানেজিং ডিরেক্টর, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, প্রধান কার্যালয়, ৪০ দিলকুশা, ঢাকা।
১৫। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা.....................................................(সকল)।
১৭। হিসাব রক্ষন কর্মকর্তা .....................................................(সকল)।
১৮। সিষ্টেম এনালিষ্ট (আইসিটি সেল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, তাকেঁ নির্দেশিকাটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি সংশ্লিষ্ট সকলের বরাবর ফ্যাক্স ও ই-মেইলের মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
২০। যুগ্ম-সচিব (ত্রাণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
২১। অফিস কপি।
২২। মাষ্টার কপি।

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)